

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪০২৩

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن)
পরিচ্ছেদঃ ৩০/২৩. বিপদে ধৈর্যধারণ

بَابِ الصَّبْرِ عَلَى الْبَلَاءِ

### আরবী

حَدَّثَنَا يُوسُفُ بْنُ حَمَّادِ الْمَعْنِيُّ، وَيَحْيَى بْنُ دُرُسْتَ، قَالاَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ عَاصِمٍ، عَنْ مُصعْعَبِ بْنِ سَعْد، عَنْ أَبِيهِ، سَعْد بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ عَاصِمٍ، عَنْ مُصعْعب بْنِ سَعْد، عَنْ أَبِيهِ، سَعْد بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَيُّ النَّاسِ أَشَدُّ بَلاَءً قَالَ " الأَنْبِيَاءُ ثُمَّ الأَمْثَلُ فَالأَمْثَلُ يُبْتَلَى الْعَبْدُ عَلَى حَسَب دِينِهِ فَإِنْ كَانَ فِي دِينِهِ رِقَّةُ ابْتُلِيَ عَلَى حَسَب دِينِهِ فَمَا يَبْرَحُ كَانَ فِي دِينِهِ رِقَّةُ ابْتُلِيَ عَلَى حَسَب دِينِهِ فَمَا يَبْرَحُ الْبَلاَءُ بِالْعَبْدِ حَتَّى يَتْرُكَهُ يَمْشِي عَلَى الأَرْضِ وَمَا عَلَيْهِ مِنْ خَطِيئَةٍ ".

#### বাংলা

১/৪০২৩। সাদ ইবনে আবৃ ওয়াক্কাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বললাম, হে আল্লাহর রাসূল! কোন্
মানুষের সর্বাপেক্ষা কঠিন পরীক্ষা হয়? তিনি বলেনঃ নবীগণের। অতঃপর মর্যাদার দিক থেকে তাদের পরবর্তীদের,
অতঃপর তাদের পরবর্তীগণের। বান্দাকে তার দীনদারির মাত্রা অনুসারে পরীক্ষা করা হয়। যদি সে তার
দীনদারিতে অবিচল হয় তবে তার পরীক্ষাও হয় ততটা কঠিন। আর যদি সে তার দীনদারিতে নমনীয় হয় তবে
তার পরীক্ষাও তদনুপাতে হয়। অতঃপর বান্দা অহরহ বিপদ-আপদ দ্বারা পরিবেষ্টিত থাকে। শেষে সে পৃথিবীর
বুকে গুনাহমুক্ত হয়ে পাকসাফ অবস্থায় বিচরণ করে।

## **English**

It was narrated from Mus'ab bin Sa'd that his father, Sa'd bin Abu Waqqas, said:

"I said: 'O Messenger of Allah, which people are most severely tested?' He said: 'The Prophets, then the next best and the next best. A person is tested according to his religious commitment. If he is steadfast in his religious commitment, he will be tested more severely, and if he is frail in his religious commitment, his test will be according to his commitment. Trials will continue to afflict a person until they leave him walking on the earth with no



sin on him.""

## ফুটনোট

তিরমিয়ী ২৩৯৮, আহমাদ ১৪৮৪, ১৪৯৭, ১৫৫৮, ১৬১০, দারেমী ২৭৮৩, মিশকাত ১৫৬২, সহীহাহ ১৪৩। তাহকীক আলবানীঃ হাসান সহীহ। উক্ত হাদিসের রাবী আসিম সম্পর্কে আবু বকর আল বাযযার বলেন, তিনি হাফিয ছিলেন না, তার হাদিস কেউ বর্জন করেছেন এমন কাউকে পাওয়া যায় না। আবু জা'ফার আল উকায়লী বলেন, তার স্মৃতিশক্তি দুর্বল ছাড়া তার মাঝে অন্য কোন দোষ পায়নি। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সিকাহ। ইসমাইল বিন উলায়্যাহ বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে, তার স্মৃতিশক্তি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০০২, ১৩/৪৭৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন